

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৭০৩

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ১৭. তাকদীর সম্পর্কে

بَابٌ فِي الْقَدَرِ

আরবী

حدَّثَنَا عَبْدُ اللَّهِ الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، عَنْ زَيْدِ بْنِ أَنَيْسَةَ، أَنَّ عَبْدَ الْحَمِيدِ بْنَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ زَيْدِ بْنِ الْخَطَّابِ، أَخْبَرَهُ عَنْ مُسْلِم بْنِ يَسَارٍ الْجُهَنِيّ، أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ، سُئِلَ عَنْ هَذِهِ الْآيَةِ، (وَإِذْ أَخَذَ رَبُّكَ مِنْ بَنِي آدَمَ مِنْ ظُهُورِهِمْ) [الأعراف: ١٧٢] قَالَ: قَرَأَ عَنْ هَنِهُ الْآيَةَ فَقَالَ عُمَرُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلِّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ خَلَقَ آدَمَ، ثُمَّ مَسَحَ ظَهْرَهُ بِيمِينِهِ، وَسُلَّمَ: إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ خَلَقَ آدَمَ، ثُمَّ مَسَحَ ظَهْرَهُ بِيمِينِهِ، فَاسْتَخْرَجَ مِنْهُ ذُرِيَّةً، فَقَالَ: خَلَقْتُ هَوُّلَاءِ لِلْجَنَّةِ وَبِعَمَلِ أَهْلِ الْجَنَّةِ يَعْمَلُونَ، ثُمَّ مَسَحَ ظَهْرَهُ بِيمِينِهِ، ظَهْرَهُ فَاسْتَخْرَجَ مِنْهُ ذُرِيَّةً، فَقَالَ: خَلَقْتُ هَوُلَاءِ لِلْجَنَّةِ وَبِعَمَلِ أَهْلِ النَّارِ يَعْمَلُونَ، ثُمَّ مَسَحَ ظَهْرَهُ فَالْتَ يَعْمَلُونَ، ثُمَّ مَسَحَ طَهْرَهُ فَالَا لَكُوبُ وَسَلَّمَ: إِنَّ اللَّهَ عَنَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اللَّهَ عَنَّ وَجَلَّ إِنَا لَهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اللَّهَ عَنَّ لَكُوبُ وَلِكُ إِنَا خَلَقَ الْعَمْلُ فَقَالَ عَمْلُ أَهْلِ النَّارِ وَبِعَمَلِ أَهْلِ النَّارِ يَعْمَلُونَ، فَقَالَ مَثَلُ أَهْلِ النَّارِ اسْتَعْمَلُونَ أَهْلِ النَّارِ عَنَى يَمُوتَ عَلَى عَمَلٍ مِنْ أَعْمَالِ أَهْلِ النَّارِ عَنَى مَوْلَ أَهْلِ النَّارِ عَلَى عَمَلٍ أَهْلِ النَّارِ عَلَى عَمَلٍ أَهْلِ النَّارِ عَنَى مُونَ عَمَلٍ مِنْ أَعْمَالٍ أَهْلِ النَّارِ فَيُعْمَلُ أَهْلِ النَّارِ عَنَى مَوْلَ أَهْلِ النَّارِ عَلَى عَمَلٍ مَنْ أَعْمَالً مَنْ أَعْمَالُ مَنْ أَعْمَالٍ مَنْ أَعْمَالُ أَهْلِ النَّارِ فَيُدْخِلُهُ بِهِ النَّارِ فَيُعْمَلُ أَهْلِ النَّارِ فَيَعْمَلُ أَهْلِ النَّارِ فَيُعْمَلُ أَمْ اللَّهُ مَا لَا النَّارِ فَيُعْمَلُ أَهُ إِلْا النَّارِ فَيُعْمَلُ أَهُ الْمَالِ أَنْهُ لِلْ النَّارِ فَيُعْمَلُ أَلْهُ النَّالِ فَيُعْمَلُ أَلْهُ اللَّالَو فَيَالِ عَلَى اللَّهُ عَلَى عَمَلُ مِنْ أَعْمَالِ أَهُ اللَّالَ النَّارِ فَيُعْمَلُ النَّالِ فَلَا النَّارِ فَيُولُ النَّالِ فَلَا النَّارِ فَيْدُولُكُ الْمَالِ النَّالِ فَلَا ا

صحيح، إلا مسح الظهر

বাংলা

৪৭০৩। মুসলিম ইবনু ইয়াসার আল-জুহানী (রহঃ) সূত্রে বর্ণিত। একদা উমার ইবনুল খাত্তাব (রাঃ)-কে এ আয়াত সম্পর্কে প্রশ্ন করা হলোঃ ''যখন তোমার রব আদম সন্তানের পিঠ থেকে তাদের সমস্ত সন্তানদেরকে বের করলেন…'' (সূরা আল-আ'রাফঃ ১৭২)। বর্ণনাকারী বলেন, আল-কা'নবী এ আয়াত পড়েছিলেন। উমার (রাঃ) বলেন, আমি এ সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট প্রশ্ন করতে শুনেছি। রাসূলুল্লাহ



সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মহান আল্লাহ আদম (আঃ)-কে সৃষ্টি করার পর স্বীয় ডান হাতে তাঁর পিঠ বুলিয়ে তা থেকে তাঁর একদল সন্তান বের করে বললেন, আমি এদেরকে জান্নাতের জন্য সৃষ্টি করেছি এবং এরা জান্নাতবাসীর উপযোগী কাজই করবে।

অতঃপর আবার তাঁর পিঠে হাত বুলিয়ে একদল সন্তান বেরিয়ে এনে বললেন, এদেরকে আমি জাহান্নামের জন্য সৃষ্টি করেছি এবং জাহান্নামীদের উপযোগী কাজই করবে। একথা শুনে এক ব্যক্তি বললো, হে আল্লাহর রাসূল! তাহলে আমলের কি মূল্য রইলো? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, মহান আল্লাহ যখন কোনো বান্দাকে জান্নাতের জন্য সৃষ্টি করেন তখন তার দ্বারা জান্নাতবাসীদের কাজই করিয়ে নেন। শেষে সে জান্নাতীদের কাজ করেই মারা যায়। আর আল্লাহ এর বিনিময়ে তাকে জান্নাতে প্রবেশ করান। আর যখন তিনি কোনো বান্দাকে জাহান্নামের জন্য সৃষ্টি করেন, তখন তার দ্বারা জাহান্নামীদের কাজ করিয়ে নেন। অবশেষে সে জাহান্নামীদের কাজ করে মারা যায়। অতঃপর এজন্য তিনি তাকে জাহান্নামে প্রবেশ করান।[1]

সহীহ, পিঠ বুলানো কথাটি বাদে।

English

Narrated Umar ibn al-Khattab:

Muslim ibn Yasar al-Juhani said: When Umar ibn al-Khattab was asked about the verse "When your Lord took their offspring from the backs of the children of Adam" - al-Qa'nabi recited the verse--he said: I heard the Messenger of Allah (**) say when he was questioned about it: Allah created Adam, then passed His right hand over his back, and brought forth from it his offspring, saying: I have these for Paradise and these will do the deeds of those who go to Paradise. He then passed His hand over his back and brought forth from it his offspring, saying: I have created these for Hell, and they will do the deeds of those who go to Hell.

A man asked: What is the good of doing anything, Messenger of Allah? The Messenger of Allah () said: When Allah creates a servant for Paradise, He employs him in doing the deeds of those who will go to Paradise, so that his final action before death is one of the deeds of those who go to Paradise, for which He will bring him into Paradise. But when He creates a servant for Hell, He employs him in doing the deeds of those who will go to Hell, so that his final action before death is one of the deeds of those who go to Hell, for which He will bring him into Hell.

ফুটনোট



[1]. তিরমিয়ী, নাসায়ী, আহমাদ। সনদে মুসলিম ইবনু ইয়াসার এবং উমার (রাঃ)-এর মাঝখানে বর্ণনাকারী বাদ পড়েছে (ইনকিতা রয়েছে) । আর উভয়ের মাঝে জনৈক ব্যক্তি রয়েছে যাকে নু'আইম ইবনু রবী'আহ বলা হয়। তিনি অজ্ঞাত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মুসলিম ইবন ইয়াসার (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন